



বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর Bangladesh Rice Research Institute, Gazipur

Phone: PABX-880-2-49272005-9, 49272010-38, 49272056, Fax: 880-2-49272000
E-mail: dg@brrri.gov.bd, brrriq@yahoo.com, Website: www.brrri.gov.bd, www.knowledgebank-brrri.org

কৃষি সমৃদ্ধ

প্রকাশের তারিখঃ ০২/০৪/২০২৪ইং

বিশেষ বুলেটিন

ধানে তাপপ্রবাহের (হিটওয়েভ) এর আগাম সতর্কবার্তা


বিএমডি'র আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী আগামী ০৭ দিন (০৩-০৯ এপ্রিল ২০২৪) সারাদেশের বেশিরভাগ এলাকায় বিশেষ করে ঢাকা, রাজশাহী এবং খুলনা জেলার বেশিরভাগ এলাকায় মাঝারি থেকে অতি তীব্র তাপপ্রবাহ বিরাজ করতে পারে।

অতি তীব্র তাপপ্রবাহের কারণে বেশি ঝুঁকিপূর্ণ এলাকাঃ

রাজবাড়ি, মানিকগঞ্জ, মাদারীপুর, ফরিদপুর, কুষ্টিয়া, জয়পুরহাট, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর, বগুড়া, সিরাজগঞ্জ, পাবনা, মেহেরপুর, চুয়াডাঙ্গা, মাগুরা, ঝিনাইদহ, ফরিদপুর, নড়াইল, যশোর, সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, গোপালগঞ্জ, মাদারীপুর।

Heat Wave Thresholds (°C) ①

- Mild [0-38 °C]
- Moderate [38-40 °C]
- Severe [40-42 °C]
- Very Severe [42 °C ++]



তথ্যসূত্রঃ আবহাওয়ার পূর্বাভাসঃ ০৩-০৯ এপ্রিল ২০২৪ (বিএমডি ও রাইমস)

কৃষি পরামর্শ

ধান গাছের বৃদ্ধির পর্যায়ঃ কাইচ খোড় থেকে শক্ত দানা অবস্থা

- তাপ প্রবাহ থেকে ধান ফসল রক্ষার জন্য জমিতে সর্বদা ৫-৭ সেন্টিমিটার পানি ধরে রাখুন। এ সময় জমিতে যেন পানির ঘাটতি না হয়।
- এ অবস্থায় শীষ ব্লাস্ট রোগের আক্রমণ হতে পারে রোগের লক্ষণ প্রকাশ পাওয়ার আগেই প্রিভেনটিভ হিসেবে বিকাল বেলা টুপার ৮ গ্রাম/১০ লিটার পানি অথবা নেটিভো ৬ গ্রাম/১০ লিটার পানি ৫ শতাংশ জমিতে ৫ দিন ব্যবধানে দুইবার স্প্রে করতে হবে।
- ধানে বিএলবি ও বিএলএস রোগ ব্যাপকভাবে দেখা যাচ্ছে। এক্ষেত্রে ৬০ গ্রাম থিওভিট, ৬০ গ্রাম পটাশ ও ২০ গ্রাম জিংক ১০ লিটার পানিতে সমভাবে মিশিয়ে ৫ শতাংশ জমিতে স্প্রে করতে হবে।

কৃষি পরামর্শ তৈরিতেঃ এগ্রোমেট ল্যাব, ব্রি